# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৩২. চুক্তি লংঘন না করা

আল্লাহ্‌ সুবহানাহু তা'আলা বলেন,

أَوْفُوا بِالْعُقُودِ

‘তোমরা চুক্তিসমূহ পূর্ণ কর।[১]

ইবনু আব্বাস (রাঃ) বলেছেন, চুক্তি বলতে এখানে আল কুরআনে যা কিছু হালাল করা হয়েছে, যা কিছু হারাম করা হয়েছে, যা কিছু ফরয করা হয়েছে এবং যে সীমা পরিসীমা বলে দেয়া হয়েছে তার সবকিছুকেই বুঝানো হয়েছে। মহান আল্লাহ আরও বলেন,

يُوفُونَ بِالنَّذْرِ

যারা মানত পূরণ করে।[২]

১০৯। সূরা আন নাহল এ বলা হয়েছে-

وَأَوْفُوا بِعَهْدِ اللَّهِ إِذَا عَاهَدتُّمْ وَلَا تَنقُضُوا الْأَيْمَانَ بَعْدَ تَوْكِيدِهَا

‘আল্লাহর নামে অঙ্গীকার করার পর সেই অঙ্গীকার পূর্ণ কর। আর পাকাপাকি কসম করার পর তা ভঙ্গ করো না।[৩]

সহীহ আল বুখারীতে ইবনু মাসউদ (রাঃ) থেকে বর্ণিত হয়েছে, রাসূলুল্লাহ্‌ (সা.) বলেছেন,

لكل غادر لواء يوم القيامة، يقال: هذه غدرة فلان

কিয়ামতের দিন প্রত্যেক ওয়াদা ভঙ্গকারীর একটি পরিচিতি ব্যানার থাকবে, সেই ব্যানারই বলে দেবে সে কী ওয়াদা ভঙ্গ করেছে।[৪]

সহীহ আল বুখারী ও সহীহ মুসলিমে আবদুল্লাহ ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত হয়েছে, আল্লাহ্‌র রাসূল (সা.) বলেছেন,

أَرْبَعٌ مَنْ كُنَّ فِيهِ كَانَ مُنَافِقًا خَالِصًا ، وَمَنْ كَانَتْ فِيهِ خَصْلَةٌ مِنْهُنَّ كَانَتْ فِيهِ خَصْلَةٌ مِنْ النِّفَاقِ حَتَّى يَدَعَهَا : إِذَا اؤْتُمِنَ خَانَ ، وَإِذَا حَدَّثَ كَذَبَ ، وَإِذَا عَاهَدَ غَدَرَ ، وَإِذَا خَاصَمَ فَجَرَ

‘চারটি বৈশিষ্ট্য যার ভেতর পাওয়া যাবে সে পুরোপুরি মুনাফিক। আর যদি সেই বৈশিষ্টের কোনো একটি বৈশিষ্ট্যও তার মধ্যে পাওয়া যায় তাহলে কিছু মুনাফিকী তার মধ্যেও রয়েছে বলা যায়, যদি সে তা পরিহার না করে। ১. কথা বললে মিথ্যে বলে। ২. চুক্তি করলে তা ভঙ্গ করে। ৩. কাউকে কোনো প্রতিশ্রুতি দিলে তা রক্ষা করে না এবং ৪. কারও সাথে ঝগড়া হলে সে বোফাঁস কথাবার্তা বলে।[৫]

আবদুল্লাহ্ ইবনু আমের আল জুহানী (রাঃ) থেকে সহীহ মুসলিমে বর্ণিত হয়েছে, রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

إن أحق الشروط أن يوفى به ما استحللتم به الفروج

‘যে শর্তের মাধ্যমে তোমরা তোমাদের স্ত্রীদের লজ্জাস্থান বৈধ করে নিয়েছ, তা গুরুত্বপূর্ণ শর্ত, অবশ্যই তোমাদেরকে পূরণ করতে হবে।[৬]

ফুটনোট

[১]. ১০৮. সূরা আল মায়িদা, আয়াত :১।

[২]. সূরা ইনসান (আদ-দাহর), আয়াত : ৭।

[৩]. সূরা আন নাহল, আয়াত : ৯১।

[৪]. সহীহ্ আল বুখারী, আদাব (শিষ্টাচার) অধ্যায়।

[৫]. সহীহ্ আল বুখারী, ঈমান অধ্যায়, মুনাফিকের নিদর্শন' শিরোনাম; সহীহ মুসলিম, ঈমান অধ্যায়, মুনাফিকের বৈশিষ্ট্য” শিরোনাম।

[৬]. সহীহ মুসলিম, বিবাহ অধ্যায়, বিবাহের শর্তাবলী পূরণ' শিরোনাম (হাদীস-৩৩৩৭)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12330

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন